**প্রেস বিজ্ঞপ্তি**

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৮১টি প্রতিষ্ঠানকে ৩.৮৪ লক্ষ টাকা জরিমানা

১০ জুলাই ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা মহানগর, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নোয়াখালী, পটুয়াখালী, কুষ্টিয়া, ফেনী, কক্সবাজার, মানিকগঞ্জ, বরিশাল, ব্রাহ্মণবাড়ীয়া, সিলেট, ফরিদপুর, কিশোরগঞ্জ, চট্রগ্রাম, পঞ্চগড়, হবিগঞ্জ, শেরপুর ও ময়মনসিংহে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহাকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল এর নেতৃত্বে ঢাকা মহানগীরর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় করার অপরাধে নিউ বকুল হোটেল ও হক বেকারীকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

পটুয়াখালীর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে **৫,০০০/-(পাঁচ হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনীর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে কক্সবাজারের সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জের ঘিওর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বাহা উদ্দীন ভূঁঞা এর নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৪৭,০০০/- (সাতচল্লিশ হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের বানারীপাড়া উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমি রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের বানারীপাড়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়া সদর উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **২৯,০০০/- (উনত্রিশ হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের হোসেনপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, চট্রগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের সদরঘাট থানা এলাকায় **৬টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্রগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্রগ্রাম সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হেলার উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকাসহ **মোট ২,৬১,৫০০/- (দুই লক্ষ একষট্টি হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক মো: কামাল উদ্দীন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করার অপরাধে মিনা বাজারকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে Tokyo Express কে **১,৫০০/-(এক হাজার পাঁচশত)** টাকাসহ মোট **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৬২৫/-(এক হাজার ছয়শত পঁচিশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে এম. বিরিয়ানী হাউজকে **২,০০০/-(দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/-(পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক রীনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় করার অপরাধে ৩টি প্রতিষ্ঠানকে **৫,০০০/-(পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/-(এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ২টি প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ১টি প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,২৫০/- (তিন হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ১টি প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ৪টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- **(চৌদ্দ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৯টি** বাজার তদারকির ও **২৩টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৮১টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৮৪,০০০/- (তিন লক্ষ চুরাশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২৩ জন** অভিযোগকারীকে মং **১৯,৩৭৫/- (উনিশ হাজার তিনশত পচাত্তর)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নোয়াখালী, পটুয়াখালী, কুষ্টিয়া, ফেনী, কক্সবাজার, মানিকগঞ্জ, বরিশাল, ব্রাহ্মণবাড়ীয়া, সিলেট, ফরিদপুর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, পঞ্চগড়, হবিগঞ্জ, শেরপুর ও ময়মনসিংহ।
৭। পুলিশ সুপার, ঢাকা, নোয়াখালী, পটুয়াখালী, কুষ্টিয়া, ফেনী, কক্সবাজার, মানিকগঞ্জ, বরিশাল, ব্রাহ্মণবাড়ীয়া, সিলেট, ফরিদপুর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, পঞ্চগড়, হবিগঞ্জ, শেরপুর ও ময়মনসিংহ।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।